

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - হায়য-এর বর্ণনা

بَابُ الْحَيْض

আরবী

وَعَنْهَا قَالَتْ: قَالَ لِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نَاوِلِينِي الْخُمْرَةَ مِنَ الْمَسْجِدِ». فَقُلْتُ: إِنِّي حَائِضٌ فَقَالَ: «إِنَّ حَيْضَتَكِ لَيْسَتْ فِي يدك». رَوَاهُ مُسلم

বাংলা

৫৪৯-[৫] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, মাসজিদ হতে আমাকে চাটাই এনে দাও। আমি বললাম, আমি তো ঋতুবতী। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার হায়য তো তোমার হাতে নয়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৯৮, আবূ দাউদ ২৬১, তিরমিয়ী ১৩৪, আহমাদ ২৪১৮৪, সহীহ আল জামি' ২০৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ঋতুবতী স্ত্রী মসজিদে হাত বাড়িয়ে স্বামীর পোষাক ও খাবার প্রেরণ করতে পারে।

(إِنَّ حَيْضَتَكِ لَيْسَتُ فِي يَدِكِ) "তোমার হায়য তো তোমার হাতে নয়।" 'ইয়ায (রহঃ) বলেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এটা অস্বীকার করলেন যে, হায়যের রক্ত তো তোমার হাতে লেগে নেই যা অপবিত্র। যার ফলে তোমার হাত থেকে তা চাটাইতে লেগে তা অপবিত্র হয়ে যাবে অথবা হাত মসজিদে প্রবেশ করালে মাসজিদ অপবিত্র হয়ে যাবে।

অত্র হাদীস প্রমাণ করে যে, ঋতুবতী মহিলা মসজিদের বাহিরে থেকে মসজিদের ভিতরে হাত বাড়িয়ে দিয়ে তা থেকে কিছু নিতে পারে। এতে আরো প্রমাণ পাওয়া যায় যে, কোন ব্যক্তি যদি শপথ করে বলে যে, আমি ঘরে অথবা মসজিদে প্রবেশ করবো না। অতঃপর সে যদি তার কোন অঙ্গ ঘরে বা মসজিদে প্রবেশ করায় তাতে তার



শপথ ভঙ্গ হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন